

২০২৩

বাংলা

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

পঞ্চম সেমেষ্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দৃশ্টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) শিপটন সাহেব এবং শ্যামচাঁদ এর পরিচয় দাও।
 - খ) ‘পরদিন ভবানী বাঁড়ুজ্যের সঙ্গে শুভ গোধুলি লগ্নে তিন
বোনেরই একসঙ্গে বিয়ে হয়ে গেল।’ — ভবানী বাঁড়ুজ্য
কে? তিনবোনের নাম ও পরিচয় কী?
 - গ) ‘নবুগাজি এসে রাজারামের পা দুটো জড়িয়ে ধরলে’ —
নবু গাজি এবং রাজারাম কে? কেনই বা নবুগাজি
রাজারামের পা জড়িয়ে ধরলেন?

[পরপৃষ্ঠায়]

- ঘ) ‘এই জন্যেই ওর নাম এ অঞ্জলে গয়ামো’ — এই গয়ামো
এর পরিচয় দাও।
- ঙ) ‘ইছামতী’ উপন্যাসটি কবে কোথা থেকে প্রকাশিত হয়?
এই উপন্যাসের জন্য লেখককে কোন্ পুরস্কারে ভূষিত
করা হয়?
- চ) ‘ওস্তাদ একটু হাসে।— না রে ভাই। কই, দেখি বায়না
পত্রটা’ — ওস্তাদ কে? কিসের বায়নাপত্রের কথা বলা
হয়েছে?
- ছ) ‘আমি ভাঙ্গা দালান, ওরা বটের চারা। আমার বুক ফাটিয়ে
একদিন মাথা তুলবে আকাশে উঁচুতে।’ — উক্তি কার?
কোন প্রসঙ্গে তিনি এই উক্তি করেছেন?
- জ) ‘সে এক অমর্ত্য মায়া’ তাকে নিয়েই দেশে দেশে মৃদঙ্গ
বাজে।’ — কোন প্রসঙ্গে লেখক এমন মন্তব্য করেছেন?
- ঝ) ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসে কোন লোকগানের প্রসঙ্গ রয়েছে?
এই লোকগানের ভৌগোলিক বিস্তৃতি উল্লেখ করো।
- ঞ) ‘যারা পুরুষ— তবু পুরুষ নয়, নারী— তবু নারী নয়’
— কোন উপন্যাসের ছত্র এটি? কাদের সম্পর্কে লেখকের
এই মন্তব্য? এদের নিয়ে লেখা বাংলা সাহিত্যের আরেকটি
উপন্যাসের নাম লেখো।
- ট) ‘ওই সুঁচাদ এবং আমি বসে গল্প করেছি আর বিড়ি
টেনেছি।’ — কে কোন প্রসঙ্গে কোথায় এই মন্তব্য
করেছেন? সুঁচাদ এর পরিচয় দাও।
- ঠ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ
করো। গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

- ড) উপন্যাসের বর্ণনা অনুযায়ী হাঁসুলী বাঁকের ভৌগোলিক অবস্থান উল্লেখ কর।
- ঢ) ‘এর তরে আমি পূজো দেব পিসি, আলাদা পাঁঠা মানত করেছি।’ — বক্তা কে? কোন পূজোর কথা বলেছেন তিনি? কেন মানত করেছেন তিনি?
- ণ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের দৃশ্যপট কোথায় কোথায়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ক) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে কাহারদের জীবন যাপন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- খ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে কাহারদের মাতৰৰ হিসেবে বনওয়ারী চরিত্রটি বিশ্লেষণ করো।
- গ) ‘ইছামতী’ উপন্যাসের পটভূমি ও সময়কাল সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঘ) ‘মায়ামৃদঙ্গ’ একটি ডকুমেন্টারি উপন্যাস — এ বিষয়ে তোমার অভিমত লেখো।
- ঙ) ‘ইছামতী’ উপন্যাসের রাজারাম চরিত্রটির একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।
- চ) ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসে ঝাঁকসা চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$10 \times 2 = 20$

- ক) ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসের নামকরণের সার্থকতা পর্যালোচনা করো।
- খ) ‘ইছামতী’ উপন্যাস অবলম্বনে গ্রামবাংলার নীলকর সাহেব এবং দেওয়ানদের অত্যাচারের বিষয়টি সংক্ষেপে লেখো।
- গ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে গ্রাম সমাজের যে বিবর্তন দেখানো হয়েছে তা নিজের ভাষায় লেখো।
- ঘ) ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসের গান সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।
-